দৈনিক ইত্তেফাক

তারিখ 21 MAY 1987
পৃষ্ঠা ৬ কলাম 1

20

# বিএ পরীক্ষার ফলাফলে কারচুপির অভিযোগ তদন্ত কমিটি গঠন

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

সম্প্রতি প্রকাশিত ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৮৬ সালের বিএ, পরীক্ষার ফলাফলে কারচুপি হইয়াছে বলিয়া জানা গিয়াছে। বিষয়টি তদন্তের জন্য কলা অনুষদের ডীন ও ইতিহাস বিভাগের প্রফেসর ডঃ আবদুল মতিন চৌধুরীর নেতৃত্বে ৫ সদস্যের একটি কমিটি গঠন করা হইয়াছে।

একটি সূত্র জানায়, ঘটনার সত্যতা প্রমাণিত হইলে ব্যাপক সংখ্যক ছাত্র-ছাত্রীর ফলাফলে রদবদল হইতে পারে।

জানা যায়, পরীক্ষার ফলাফল প্রকাশের আগে একটি সূত্রে অভিযোগ পাইয়া কন্ট্রোলার শাহ হাবিবুর রহমান নম্বরপত্রসহ প্রয়োজনীয় কাগজপত্র পরীক্ষা করার সময় কিছু নম্বর পত্রে ওভাররাইটিং দেখিতে পান। ফলে অভিযোগটি তাহার কাছে গুরুত্ব পায়। জানা যায়, ইহার জন্য কিছু পরীক্ষার্থীর ফলাফল স্থগিত রাখা হইয়াছে। সূত্রটির মতে ইতিপূর্বে প্রকাশিত বি,এস,সি এবং বি,কম পরীক্ষার ফলাফলেও অনুরূপ কারচুপি হইয়াছে। এব্যাপারে গত মঙ্গলবার কন্ট্রোলারের সহিত সাক্ষাৎ করার চেষ্টা করা হইলে তিনি সাক্ষাৎ প্রদান করেন নাই।